জেলা পরিষদ
নড়াইল

তারিখ: ১৬/০৮/২০২৬খ্রিঃ

স্মারক নং: ৪৬.০২.৬৫০০.০০০.০০১.০১.০০০২.২৬-৪২৪

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, জেলা পরিষদ শাখা, বাংলাদেশ সচিবালয় হতে ১৭ জুন, ২০২৬ তারিখে ৪৬.০৪২.০১১..০৪.০০.০০৪.১৪-১৩৬৩ নং স্মারকে প্রাপ্ত ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে নড়াইল জেলা পরিষদের সাংগঠনিক কাঠামোভূক্ত নিম্নলিখিত শূন্যপদের বিপরীতে "জাতীয় বেতন স্কেল ২০১৫" এর আলোকে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য নিম্নলিখিত শর্ত সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে চাকরির নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে ।

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | জাতীয় বেতন স্কেল/গ্রেড | বয়স সীমা | শিক্ষাগত যোগ্যতা | নিয়োগের পদ্ধতি |
|---|---|---|---|---|---|---|
| ১। | উচ্চমান সহকারী | ১ | (গ্রেড -১৪) ১০২০০-২৪৬৮০ | ১৮- ৩২ বৎসর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম ২য় শ্রেণিতে স্নাতক বা সমমানের ডিগ্রি । | সরাসরি |
| ২। | নিম্নমান সহাকারী-কাম-মুদ্রাক্ষরিক | ১ | (গ্রেড -১৬) ৯৩০০-২২৪৯০ | ১৮-৩২ বৎসর | স্বীকৃত কোন শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ । ইংরেজী প্রতি মিনিটে ৪০ শব্দ এবং বাংলায় প্রতি মিনিটে ৩০ শব্দ টাইপ করার যোগ্যতাসহ কম্পিউটার চালানোর প্রয়োজনীয় দক্ষতা থাকতে হবে। | সরাসরি |
| ৩। | সার্ভেয়ার | ১ | (গ্রেড -১৬) ৯৩০০-২২৪৯০ | ১৮-৩২ বৎসর | সরকার কর্তৃক অনুমোদিত সার্ভে ইনস্টিটিউট হতে ডিপ্লোমা ডিগ্রীধারী । | সরাসরি |
| ৪ । | অফিস সহায়ক | ১ | (গ্রেড -২০) ৮২৫০-২০০১০ | ১৮-৩২ বৎসর | কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ । | সরাসরি |
| ৫। | নিরাপত্তা প্রহরী | ১ | (গ্রেড -২০) ৮২৫০-২০০১০ | ১৮-৩২ বৎসর | অষ্টম শ্রেণী পাশ (সুঠাম দেহের অধিকারী হতে হবে) | সরাসরি |

**আবেদনের শর্তাবলি :**

১। চাকরির আবেদন ফরম জেলা পরিষদ কার্যালয়ের রিসিভ শাখায় (বিনা মূল্যে) পাওয়া যাবে এ ছাড়াও জেলা পরিষদের ওয়েব সাইট www.zpnaril.gov.bd জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব সাইট www.mopa.gov.bd বা www.forms.gov.bd- এ পাওয়া যাবে ।

২। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক হতে হবে এবং আবেদন ফরমে বর্ণিত নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

৩। প্রার্থীকে চাকরির ফরমে স্বহস্তে লিখিত আবেদন করতে হবে । স্ব-হস্ত লেখা ব্যতিত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না ।

৪। আবেদন পত্র প্রধান নির্বাহী কর্মকর্তা , জেলা পরিষদ,নড়াইল বরাবর আগামী ১৫/০৯/২০২৬ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে ডাকযোগে / সরাসরি ( বিকাল ৪: ০০ টার মধ্যে) অত্র কার্যালয়ে পৌছাতে হবে ।

৫। প্রার্থীর বয়স ১৫/০৯/২০২৬ খ্রিষ্টাব্দ তারিখে ১৮- ৩২ বৎসরের মধ্যে হতে হবে। বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়স শিথীল যোগ্য । বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৬। চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না

৭। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত দরখাস্ত বাতিল বলে গণ্য হবে ।

৮। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ (ক) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত ফটোকপি। সনদপত্র প্রদানকারী বা সত্যায়নকারী কর্মকর্তার নাম ও পদবি সংবলিত সীলবিহীন কোন ছবি বা কাগজ পত্র দাখিল করা হলে উক্ত আবেদন বাতিল বলে গণ্য হবে, (খ) ইউনিয়ন পরিষদ/পৌরসভা/ সিটি কর্পোরেশন মেয়র/ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক সনদ পত্র, (গ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ পত্র, (ঘ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি রঙ্গিন ছবি, (ঙ) আবেদনপত্রের সাথে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নড়াইল এর অনুকূলে অফেরতযোগ্য ২০০/- (দুইশত ) টাকার পোস্টাল অর্ডার/ পে-অর্ডার / ব্যাংক ড্রাফ্‌ট সংযোজন করতে হবে, (চ) জাতীয় পরিচয় পত্র বা স্মার্টকার্ডের ফটোকপি অথবা অনলাইনে জন্ম নিবন্ধনের ফটোকপি (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) ।

৯। শূন্য পদ পূরণ সংক্রান্ত সরকারের বিদ্যমান বিধিবিধান এবং কোটা সম্পর্কিত প্রচলিত নীতিমালা অনুসরণ করা হবে। কোনো প্রার্থী কোটা সুবিধার জন্য আবেদন করলে আবেদনের স্বপক্ষে কোটাতে অন্তর্ভূক্তির প্রমাণপত্র / যথাযথ কর্তৃপক্ষের কাগজপত্র দাখিল করতে হবে ।

১০। মুক্তিযোদ্ধা কোটা সংক্রান্ত সকল বিধিবিধান সরকার নির্ধারিত সর্বশেষ প্রজ্ঞাপন অনুসরণ করা হবে ।

১১। নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ডাকযোগে জারির স্বার্থে আবেদনপত্রের সাথে ১০/- টাকা মূল্যের অব্যবহৃত ডাকটিকিটযুক্তসহ নিজের নাম ঠিকানা সংবলিত ১০.৫ X ৪.৫ ইঞ্চি সাইজের একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে ।

১২। আবেদনকারীকে খামের উপর মোটা অক্ষরে পদের নাম, বামপার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা উল্লেখ করতে হবে।

১৩। আবেদনপত্রসমূহ বাছাইয়ের পর সঠিক পাওয়া গেলে প্রার্থীদের নির্বাচনী পরীক্ষার জন্য বিবেচনা করা হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য যাতায়াত বাবদ কোন প্রকার ভ্রমণ ভাতা প্রদান করা হবে না ।

১৪। বিবাহিত মহিলা প্রার্থীর ক্ষেত্রে তার স্বামীর স্থায়ী ও বর্তমান ঠিকানা উল্লেখ করতে হবে।

১৫। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় অবশ্যই দাখিলকৃত সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে ।

১৬। চাকরিতে নিয়োগের পূর্বে পুলিশ ভেরিফিকেশন ও সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করতে হবে ।

১৭। চাকরির শর্তাবলি জেলা পরিষদ আইন, ২০০০ ও স্থানীয় সরকার (জেলা পরিষদ) জেলা পরিষদ কর্মকর্তা / কর্মচারী চাকরি বিধিমালা, ১৯৯০ এবং এ সংক্রান্ত ১৬ জানুয়ারি ২০০৬ সালের সংশোধনী অনুযায়ী সরাসরি নিয়োগ এবং বেতন ভাতার সুযোগ সুবিধার ক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত নির্দেশাবলী প্রযোজ্য হবে । পদের সংখ্যা কমবেশী হলে কর্তৃপক্ষ তা সমন্বয় করতে পারবে।

১৮। এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী। ইহা স্থায়ী নিয়োগের নিশ্চয়তা বহন করে না। এ নিয়োগ সম্পর্কে কোন জটিলতা সৃষ্টি হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে ।

১৯। নিয়োগের ক্ষেত্রে নিয়োগ সংক্রান্ত গঠিত বাছাই কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। আবেদনপত্র গ্রহণ / বাতিল বা বাছাইয়ের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে । অনিবার্য কারণে যে কোন পর্যায়ে নিয়োগ কার্যক্রম স্থগিত/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন ।

২০। আবেদনকারী কর্তৃক দাখিলকৃত কোন তথ্য /কাগজপত্র ভূয়া/মিথ্যা প্রমাণিত হলে যে কোন পর্যায়ে এমন কি চাকরি পাওয়ায় পরও যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে ।

( মোঃ আছাদুজ্জামান)
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ,নড়াইল ।

স্মারক নং: ৪৬.০২.৬৫০০.০০০.০০১.০১.০০০২.২৬-৪১৪ তারিখ: ১৬ / ০৮/২০২৬খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও ব্যাপক প্রচারের জন্য :(জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় , ঢাকা
২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা
৩। পরিচালক, স্থানীয় সরকার , খুলনা বিভাগ, খুলনা
৪। প্রশাসক, জেলা পরিষদ-----------------(সকল )
৫। জেলা প্রশাসক , নড়াইল
৬। প্রধান নির্বাহী কর্মকর্তা , জেলা পরিষদ ----------------------------(সকল)
৭। পুলিশ সুপার,নড়াইল
৮। সিভিল সার্জন , নড়াইল
৯। উপ-পরিচালক,স্থানীয় সরকার বিভাগ ,নড়াইল
১০। নির্বাহী প্রকৌশলী , গণপূর্ত বিভাগ/সড়ক ও জনপথ বিভাগ/ এল জি ই ডি/ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ,নড়াইল
১১। উপজেলা নির্বাহী কর্মকর্তা,নড়াইল সদর/লোহাগড়া/কালিয়া
১২। জেলা মৎস্য কর্মকর্তা/জেলা প্রাণি সম্পদ কর্মকর্তা/সহকারী বন সংরক্ষক, নড়াইল
১৩। মেয়র, নড়াইল সদর/লোহাগড়া/কালিয়া পৌরসভা,নড়াইল
১৪। উপ-পরিচালক, সমাজ সেবা অধিদপ্তর/ পরিবার পরিকল্পনা অফিস, নড়াইল
১৫। ডিস্ট্রিক একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, নড়াইল
১৬। সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, নড়াইল
১৭। জেলা শিক্ষা কর্মকর্তা,নড়াইল
১৮। সম্পাদক, দৈনিক বাংলাদেশের আলো, ঢাকা । নিয়োগ বিজ্ঞপ্তিটি আগামী ২০ / ০৮/ ২০২৬ খ্রি. তারিখের মধ্যে তাঁর পত্রিকায় কম্পিউটারের ৮ ফন্ট এ ০১(এক) দিনের জন্য প্রকাশ করে প্রকাশিত পত্রিকার বিজ্ঞপ্তির ৩(তিন) কপি এবং বিজ্ঞাপন বিল প্রেরণে জন্য অনুরোধ করা হলো ।
১৯। সম্পাদক, দৈনিক যশোর বার্তা, যশোর। নিয়োগ বিজ্ঞপ্তিটি আগামী ২০/ ০৮/২০২৬ খ্রি. তারিখের মধ্যে তাঁর পত্রিকায় কম্পিউটারের ৮ ফন্ট এ ০১(এক) দিনের জন্য প্রকাশ করে প্রকাশিত পত্রিকার বিজ্ঞপ্তির ৩(তিন) কপি এবং বিজ্ঞাপন বিল প্রেরণে জন্য অনুরোধ করা হলো ।
২০। নোটিশ বোর্ড, জেলা পরিষদ,নড়াইল

( মোঃ আছাদুজ্জামান)
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ,নড়াইল ।